

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:02-10-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Mahalaya . .

আজ মহালয়া। দেবী পক্ষের শুরু। মহালয়ার এই বিশেষ তিথিতে পিতৃপুরুষ দের স্মরণে তর্পন করা অন্যতম এক পূন্য রীতি। পিতৃ পুরুষ দের স্মরণে তর্পণের উদ্দেশ্যে আগরতলার লক্ষ্মীনারানবাড়ি জলাসয়ে প্রচুর পূন্যার্থীর সমাগম ঘটেছে। পুরোহীতদের মন্ত্রোচ্চারণে প্রতিটি স্নানঘাট মুখরিত হয়ে উঠেছে। এক উতসব মুখর পরিবেশের সৃষ্টি হয়েছে। মহালয়ার মধ্যে দিয়ে শারদীয়া দুর্গোৎসবের সূচনা হয়। প্রতি বছরের মতো এবারও আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে আজ ভোর ৩ টা ৫৮ মিনিটে বানী কুমার রচিত, বীরেন্দ্র কৃষ্ণ ভদ্রের কণ্ঠে গীতি আলেখ্য মহিষাসুর মর্দিনী প্রচারিত হয়।। মহালয়ার ভোর থেকেই আগরতলার রাজপথগুলো লোকে লোকারণ্য হয়ে ওঠে। বিভিন্ন সংস্থা সংগঠনের পক্ষ থেকে এই দিনে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

Gandhi Jayanti .

আজ জাতির জনক মহাত্মা গান্ধীর জন্ম জয়ন্তী। সারা দেশের সঙ্গে রাজ্যেও জাতির জনকের প্রতি শ্রদ্ধা নিবেদনে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।। শিল্প বানিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা আজ সকালে আগরতলার সার্কিট হাউস, সংলগ্ন গান্ধী মূর্তিতে পুষ্পার্ঘ্য নিবেদন করবেন ও পরে গান্ধীঘাটের শহিদ বেদীতেও পুষ্পার্ঘ্য নিবেদন করবেন । প্রদেশ কংগ্রেসের পক্ষ

থেকেও গান্ধী জয়ন্তী পালনে বিভিন্ন কর্মসূচী নেওয়া হয়েছে। অহিংসার পুজারী ভারতের স্বাধীনতা সংগ্রামের অন্যতম পথিকৃৎ মোহমদাস করমচাঁদ গান্ধীর জন্ম হয় ১৮৬৯ সালে গুজরাটের পোরবন্দরে।

Gandhib President..

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সত্য, অহিংসা, ভালবাসা এবং বিশুদ্ধতার মূল্যবোধ এবং মহাত্মা গান্ধীর স্বপ্নের ভারতের ধারণাকে আত্মস্থ করার সংকল্প নেওয়ার জন্য জনগণকে আহ্বান জানিয়েছেন। জাতির পিতা মহাত্মা গান্ধীর ১৫৫তম জন্মবার্ষিকীতে তার প্রতি শ্রদ্ধা নিবেদন করে রাষ্ট্রপতি দেশ ও সমাজের উন্নয়নকে অব্যাহতভাবে এগিয়ে নিতে সচেষ্ট হওয়ারও জন্য জনগণের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, সত্য ও অহিংসার একনিষ্ঠ অনুগামী বাপুর জীবন সমগ্র মানবতার জন্য এক অনন্য বার্তা।

Gandhi JAYANTI P.M..

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকালে নয়াদিল্লিতে ১৫৫ তম গান্ধী জয়ন্তী উপলক্ষে স্বচ্ছ ভারত দিবস ২০২৪ অনুষ্ঠানে অংশ নেবেন। পরিচ্ছন্নতার লক্ষ্যে সর্বাঙ্গীণ গণ-আন্দোলন 'স্বচ্ছ ভারত মিশন'-এর সূচনার ১০ বছর পূর্তি উপলক্ষে এই অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে।

এই অনুষ্ঠানেই প্রধানমন্ত্রী পরিচ্ছন্নতা ও পরিচ্ছন্নতার সঙ্গে যুক্ত ৯ হাজার ৬০০ কোটি টাকারও বেশি কয়েকটি প্রকল্পের সূচনা ও শিলান্যাস করবেন। এর মধ্যে রয়েছে অম্লিত এবং অম্লিত ২.০-এর আওতায় শহরাঞ্চলের জল ও নিকাশি ব্যবস্থার প্রসারে ৬ হাজার ৮০০ কোটি টাকারও বেশি মূল্যের প্রকল্প, গঙ্গা অববাহিকা এলাকায় জলের গুণমান ও বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়নে ১ হাজার ৫৫০ কোটি টাকারও বেশি ১০টি প্রকল্প এবং গোবরধন

যোজনার আওতায় ১ হাজার ৩৩২ কোটি টাকারও বেশি মূল্যের ১৫টি সংকুচিত বায়োগ্যাস প্ল্যান্ট প্রকল্প ।

Swacchata . .

আজ জাতীয়, স্বচ্ছতা দিবস। আজই পক্ষ কাল ব্যাপি স্বচ্ছতাই সেবা প্রচার কর্মসূচির সমাপ্তি হবে। এই উপলক্ষে আজ সকালে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে প্রধানঅতিথি হিসাবে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা।

CM at Sachin Debbarman programme :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা গতকাল সন্ধ্যায় রবীন্দ্রভবনে সুর সম্রাট শচীন দেববর্মণ জন্মজয়ন্তী উদযাপন অনুষ্ঠানে অংশ নেন ।অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, শচীন দেববর্মণ আমাদের হৃদয় জুড়ে রয়েছেন। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরায়ও যে সংগীত চর্চা হয় তা দেশ এবং বিশ্ববাসীর কাছে পরিচয় করিয়ে দিয়েছেন শচীন দেববর্মণ। এই বছর মরণোত্তর শচীন দেববর্মণ স্মৃতি পুরস্কার পেয়েছেন শাস্ত্রীয় সংগীত শিল্পী রতন কুমার সেনগুপ্ত। উদ্বোধনী অনুষ্ঠানের পর হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

Older person day:

সিপাহীজলা জেলা প্রশাসন ,সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে গতকাল বিশ্রামগঞ্জের শচীন দেববর্মণ স্মৃতি কলা ক্ষেত্রে অনুষ্ঠিত হয় সিপাহীজলা জেলা ভিত্তিক

আন্তর্জাতিক প্রবীণ দিবস। একই সাথে জেলার অন্তর্গত প্রায় ৩০০ জন প্রবীণ নাগরিক ও দিব্যাঙ্গজনদের প্রয়োজনীয় সহায়ক সামগ্রী ও চলন সামগ্রী প্রদান করা হয়। স্বচ্ছতা ই সেবা পান্থিক কর্মসূচিতে বিশেষ অবদানের জন্য জেলার অন্তর্গত কয়েকটি ব্লক ও সোনামুড়া নগর পঞ্চায়েতকে পুরস্কৃত করা হয়েছে। রক্তদানের মতো সামাজিক সেবায় নিজের ৬৫ বছর পর্যন্ত ৪১ বার রক্তদানের কৃতিত্বের জন্য সংবর্ধনা জানানো হয় ৭৩ বছর বয়সী তাপস কুমার দেবরায় ও বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব প্রাক্তন শিক্ষক ৬৭ বছর বয়সী স্বপন কুমার রায়কে।

TSR 9th Ba .

TSR এর নবম বাহিনীর ২৩ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে গতকাল জোলাইবাড়ি ব্লকের দক্ষিণ হিচাছড়ার নির্ভীক মিত্র নগরে রক্তদান শিবির, বস্ত্রদান, বৃক্ষরোপন সহ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন, অতিরিক্ত মহানির্দেশক জি কে রাও, আইজি (টিএসআর) কে, মারাক দক্ষিণ জেলার পুলিশ সুপার অশোক কুমার সিনহা সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

Weather .

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ সাধারণত মেঘলা থাকবে। হালকা থেকে মাঝারি বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। সব জেলায় বিক্ষিপ্ত ভাবে বজ্র-বিদ্যুৎ সহ দুএক পশলা ভারি বৃষ্টি পাতের সতর্কতা জারি করা হয়েছে। আগরতলা ও তার আশপাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি হয়েছে ০.৬ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩১ ডিগ্রির কাছাকাছি ।

* * * * *

* * * * *